

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৭৪

পরিচ্ছেদঃ যিয়াফত এবং যিয়াফতের শেষ সীমা কয় দিন?

باب مَا جَاءَ فِي الصِّيافَةِ وَغَايَةِ الصِّيافَةِ كُمْ هُوَ

আরবী

বাংলা

كه ا ইবন আবী উমার (রহঃ) ... আবূ শুরায়হ আল-কা'বী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মেহমানদারী হল তিন দিন। জাইযা হল এক দিন ও এক রাতের সম্বল প্রদান। মেহমানের জন্য এরপর যা ব্যয় করবে তা হল সাদাকা। এতদিন কারো কাছে অবস্থান করা যে শেষ পর্যন্ত যে বিরক্ত হয়ে উঠে মেহমানের জন্য তা জায়েয নয়। الْمَوْرَةُ وَعَلْمُ কথাটির মর্ম হল মেহমান এতদিন কারো কাছে অবস্থান করবে না যে বাড়িওয়ালার জন্য তাঁর অবস্থান কঠিন হয়ে দাঁড়ায়। الْمُوْرَةُ হণ সংকোচ সৃষ্টি হওয়া। কর্ম হল এমনকি শেষ পর্যন্ত সে বাড়িওয়ালার জন্য সংকট সৃষ্টি করে তুলল। সহীহ, তা'লীকুর রাগীব ৩/২৪২, বুখারী ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৬৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। উক্ত হাদীসটি মালিক ইবন আনাস এবং লাযছ ইবন সা'দ (রহঃ) ও সাঈদ আল মাকবুরী (রহঃ) থেকে বর্ণনা করেছেন। হাদীসটি হাসান-সহীহ। আবৃ শুরায়হ খুযাঈ (রহঃ) হলেন কা'বী। তিনি আদাবী ও তার নাম হল খুওয়ায়লিদ ইবন আমর।



English

Abu Shuraih Al-Kabi narrated that the Messenger of Allah said: "Hospitality is for three days, and his reward is a day and a night, and whatever is spent on him after that is charity. And it is not lawful for him (the guest) to stay so long as to cause him harm."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ শুরায়হ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন